# মাধ্যমিক ও সাক্ষরতা বিষয়ক কমিটি উপজেলা কমিটির দ্বি-মাসিক সভারকার্য বিবরণী

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ ও সভাপতি, মাধ্যমিক ও সাক্ষরতা বিষয়ক উপজেলা কমিটি, আদিতমারী, লালমনিরহাট।

স্থান ঃ প্রশাসক, উপজেলা পরিষদ- এর অফিস কক্ষ

তারিখ ঃ ১৪ সেপ্টেম্বর ২০২৫খ্রিঃ

সময় ঃ সকাল ১০.৩০ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা-

| ক্রমিক নং | নাম ও পদবী | উপাধী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ আদিতমারী, লালমনিরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ভেলাবাড়ী ইউনিয়ন পরিষদ আদিতমারী, লালমনিরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, কমলাবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সুচিঃ

১. শিক্ষা প্রতিষ্ঠান সমুহে সিলিং ফ্যান বরাদ্দের আবেদন সংক্রান্ত আলোচনা
২. অন্যান্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | শিক্ষা প্রতিষ্ঠান সমুহে সিলিং ফ্যান বরাদ্দের আবেদন সংক্রান্ত | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায় স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বমোট ৬২টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। বর্তমানে অস্বাভাবিক গরম অনুভুত হওয়ায় শিক্ষার্থীরা ক্লাশে অনিয়মিত হয়ে পড়ছে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত সিলিং ফ্যান নেই। তাই ২৯ টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কিছু সিলিং ফ্যান বরাদ্দ চেয়ে আবেদন করেছেন। আবেদনগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গরমের বিষয়টি বিবেচনা পূর্বক ফ্যান বরাদ্দের জন্য অনুরোধ করেন। | আবেদনকৃত ২৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষের সিলিং ফ্যান বরাদ্দের প্রয়েঅজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশসহ অনুরোধ করা হলো। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৯/২০২৫

(বিধান কান্তি হালদার)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও সাক্ষরতা বিষয়ক উপজেলা কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।

২। চেয়ারম্যান,.. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।

৩। জনাব........................................................................, আদিতমারী, লালমনিরহাট।

২৪/৯/২৫

(মোঃ জাকির হোসেন)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও সাক্ষরতা বিষয়ক উপজেলা কমিটি
আদিতমারী, লালমনিরহাট।